দৈনিক
ইত্তেফাক

11 JAN 2017

# শিশুকে শিশুর মতো বেঁচে থাকতে দাও

বিদ্যা আহম্মদ প্রাপ্তি



শিশুকে শিক্ষার পাশাপাশি সংস্কৃতি বিষয়ে জানাতে হবে। ছেলেশিশু ও মেয়েশিশুকে সমানভাবেই ভালোবাসতে হবে। তাদের একই অধিকার দিতে হবে পড়ালেখা ও অন্য সবকিছুতেই। এখনো সেই পুরাতন ভাবনা মানুষের মনে জায়গা করে বসে আছে—বাল্যবিবাহের শিকার হচ্ছে অনেক অনেক মেয়েশিশু।

শিশুর বইয়ের বোঝা এক রকমের অত্যাচার। শিশুরা পড়ালেখা অবশ্যই করবে, তবে পড়ালেখার পাশাপাশি খেলা করার সময়ও করে দিতে হবে। না হলে শিশুর মাথায় বড় ধরনের চাপ পড়ে। অনেক মা-বাবা বোঝার চেষ্টা করেন না শিশু কী চাচ্ছে? একটি শিশুর ভালোভাবে বেঁচে থাকার জন্য দরকার সুন্দর পারিবারিক পরিবেশ।

পথে বের হলেই দেখা যায় শিশুরা হাত পেতে ভিক্ষা চাচ্ছে বা পথের ধারে পড়ে আছে। কিছুদিন আগে আমি পথে যেতে দেখি একটি শিশু রাস্তায় উলটো হয়ে শুয়ে আছে এবং পাশে একটি থালা ও গায়ের ওপরে একটি কাগজে লেখা আছে... আমি একজন প্রতিবন্ধী আমার চিকিৎসার জন্য আমাকে সাহায্য করুন।

মনে প্রশ্ন জাগল—আসলে কি শিশুটির পরিবারের মানুষ ওকে এভাবে শুইয়ে রেখেছে চিকিৎসার টাকা জোগাড়ের জন্য নাকি ভিক্ষা করার উপায় হিসাবে?

**আগ্রাবাদ সরকারি কলোনি উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম**